

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪১

٩. यन भलाता त्रु पिष्ठ छे अतिभागा (كتَابُ الرَّقَائق)

পরিচ্ছেদঃ যেই হাদীসের অর্থ বাতিলপন্থীরা বুঝতে না পেরে মুহাদ্দিসগণের উপর আপত্তি করে থাকে

ذِكْنُ خَبَرٍ قَدْ شَنَّع بِهِ بَعْضُ الْمُعَطِّلَةِ عَلَى أَصْحَابِ الْحَدِيثِ حَيْثُ حُرِمُوا التَّوْفِيقَ لِإِدْرَاكِ مَعْنَاهُ

আরবী

741 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى قَالَ: حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: سَمِعْتُ أَنساً قال: كان رجل يَكْتُبُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَانَ قَدْ قَرَأَ الْبَقَرَةَ وَآلَ عِمْرَانَ عُدَّ فِينَا ذُو شَأْنٍ وَكَانَ النَّبِيُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُمِلُّ عَلَيْهِ {غَفُورًا رَحِيمًا} [النساء: 99] فَيَكْتُبُ: {عَفُورًا عَفوراً} [النساء: 99] فَيَكْتُبُ: {عَفُورًا عَفوراً} إلنساء: 99] فَيَعُولُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اكْتُبْ) وَيُمْلِي عَلَيْهِ {عَلَيْهِ وَسَلَّمَ لَكُتُبُ أَللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اكْتُبْ) وَيُمْلِي عَلَيْهِ وَسَلَّمَ: (اكْتُبْ أَيَّهُمَا شِئْتَ) قَالَ: قَارَدَدَّ عَنِ الْإِسْلَامِ فَلَحِقَ بِالْمُشْرِكِينَ فَقَالَ: أَنَا أَعْلَمُكُمْ بِمُحَمَّد (اكْتُبْ أَيَّهُمَا شِئْتَ) قَالَ: قَارَدَدَّ عَنِ الْإِسْلَامِ فَلَحِقَ بِالْمُشْرِكِينَ فَقَالَ: أَنَا أَعْلَمُكُمْ بِمُحَمَّد وَلِكَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: وَسَلَّمَ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: أَنَا أَعْلَمُكُمْ بِمُحَمَّد عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (إِنْ كُنْتُ لَا أَعُلَمُكُمْ بِمُحَمَّد عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (إِنْ كُنْتُ لَا أَكُنُتُ لَا اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (إِنْ كُنْتُ لَا أَعْلَمُكُمْ بَمُ مَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (إِنْ كُنْتُ لَا أَعْلَمُكُمْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَلَكَ الْأَرْضَ الَّتِي عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (إِنْ كُنْتُ لُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَمَا قَالَ فَوَجَدْتُهُ مَلْكَ وَلَكَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَمَا قَالَ فَوَجَدْتُهُ وَلِكَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَمَا قَالَ فَوَجَدْتُهُ مَلْتُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَمَا قَالَ فَوَجَدْتُهُ مَلْهُ وَلِكَ النَّهُ عَلَيْهُ وَسُلَمَ كَمَا قَالَ فَوَجَدْتُهُ وَلَا اللَّهُ عَلَيْهِ وَسُلَّمَ كَمَا قَالَ فَوْجَدُنْهُ وَالْمَلْهُ الْمُسْرِقُولُ اللَّهُ عَلَيْهُ وَلَا الْهُ عَلَيْهِ وَسُلَمَ عَلَى اللَّهُ عَلَيْهِ وَلَا اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَيْهِ وَلَا اللَّهُ عَلَيْهُ اللَّهُ عَ

الراوي: أنس | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 741 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

৭৪১. ভ্মাইদ রহিমাভ্ল্লাহ বলেন, আমি আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাভ তা'আলা আনভ থেকে বর্ণিত, তিনি বলেন,



এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জন্য অহী লিখতো, সে সূরা বাকারাহ ও সূরা আল ইমরান পড়েছিল, সে আমাদের মাঝে মর্যাদাবান ব্যক্তি হিসেবে পরিগণিত হয়েছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে লিখাতেন "ক্ষমাশীল, দয়ালূ" সে লিখতো "ক্ষমাশীল, মাফকারী।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলতেন, তুমি লিখ, তাকে লিখাতেন "সর্বজ্ঞানী, প্রজ্ঞাময়" সে লিখতো "সর্বশ্রোতা, সর্বদ্রস্ত্রা"। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেছেন, "তুমি দুটোর যে কোন একটা লিখতে পারো।" রাবী বলেন, অতঃপর সেই ব্যক্তি মুরতাদ হয়ে মুশরিকদের সাথে গিয়ে যুক্ত হয় এবং বলে, "মুহাম্মাদ এর ব্যাপারে আমি তোমাদের মাঝে সবচেয়ে বেশি জানি। আমি আমার ইচ্ছামত (অহী) লিখতাম। অতঃপর সে মারা যায়। তার মৃত্যুর খবর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে পৌঁছলে, তিনি বলেন, "নিশ্চয়ই জমিন তাকে গ্রহণ করবে না!"

আবু তালহা রাদিয়াল্লাহু তা'আলা আনহু বলেন, "এরপর আমি ঐ এলাকায় আসি, যেখানে সেই লোক মারা গিয়েছে। আর আমি তো জানি যে, রাসূল রাদিয়াল্লাহু তা'আলা আনহু তার ব্যাপারে কী বলেছেন। অতঃপর আমি তার লাশ নিক্ষিপ্ত অবস্থায় পেলাম। ফলে আমি বললাম, "এই লোকের কী ব্যাপার?" তারা জবাবে বললো, "আমরা তাকে কবরস্থ করেছিলাম, কিন্তু জমিন তাকে গ্রহণ করে নাই!"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১২০; বাইহাকী, ইসবাতু আযাবিল কবর: ৫৪; মুশকিলুল আসার: ৪/২৪০; সহীহ আল বুখারী: ৩৬১৭; সহীহ মুসলিম: ২৭৮১।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীক আলা সহীহিল মাওয়ারিদ: ১২৬৮, ১৫২১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ হুমায়দ (রহঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89244

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন